

ফাতওয়া নাম্বার: ৪১৬

প্রকাশকাল: ১৭-১০-২০২৩ ইং

উপহার হিসেবে প্রাপ্ত হারাম সম্পদের বিধান

প্রশ্ন:

আমার আববুর এক হিতাকাঙ্ক্ষী একটি ব্যংকের ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন। অবসর নেয়ার পর পেনসন বাবদ ব্যাংক থেকে প্রাপ্ত টাকার আংশিক আববুকে ব্যবহারের জন্য দেন। আমার জানার বিষয় হলো, এই টাকা কি ব্যবহার করা আমাদের জন্য জায়েয হবে?

-তারেক হাসান, সিলেট

উত্তর:

না, উক্ত টাকা ব্যবহার করা আপনার বাবার জন্য জায়েয নয়। এগুলো হারাম অর্থ। ঐ ব্যক্তির দায়িত্ব হারাম থেকে দায় মুক্তির জন্য উক্ত অর্থ যাকাত গ্রহণের উপযুক্ত গরীবকে সাদাকা করে দেওয়া কিংবা মুসলিমদের কোনো জনকল্যাণমূলক কাজে ব্যয় করা। -কিতাবুল আসার: ২/৭৪৯ (দারুন নাওয়াদির); আল-ফাতাওয়াত তাতারখানিয়াহ: ১৮/১৭৩ (যাকারিয়া বুকডিপো); আল-আশবাহ ওয়ান নাযায়ের, পৃ: ৯৬; মাজমাউল আনছুর: ২/৫২৯ (দারু ইহইয়ায়িত তুরাস); ফিকহুল বুয়: ২/১০৩১-১০৩২ (মাকতাবায়ে মাআরিফুল কুরআন, করাচি)

এ ব্যাপারে আরও জানতে নিম্নের ফাতাওয়াগুলো দেখুন,

ফাতওয়া: ৯৫-[ব্যাংক কর্মকর্তার দেওয়া কোনো কিছু গ্রহণ করা কি বৈধ হবে?](#)

ফাতওয়া: ২৫০-[সুদখোর মালিকের অধীনে চাকরি করার হুকুম কী?](#)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৯-০২-১৪৪৫ হি.

০৫-০৯-২০২৩ ঈ.

